

# সিটিজেন চার্টার

উপজেলা সমবায় অফিস গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্থ একটি সরকারী প্রতিষ্ঠান। ১৯০৪ সাল থেকে এদেশের জনগণকে সমবায়ের ৭টি আদর্শে উদ্ভুদ্ধ করে এ প্রতিষ্ঠান দেশের সকল শ্রেণীর ও পেশার জনগণের আর্থ সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য দূরীকরণের জন্য কাজ করে আসছে। এদেশে সমবায় আন্দোলন আন্তর্জাতিকভাবে স্বীকৃত ৭টি আদর্শ দ্বারা পরিচালিত হয়। এগুলো হচ্ছে:

১. স্বতঃস্ফূর্ত ও অবাধ সদস্যপদ
২. সদস্যের গণতান্ত্রিক নিয়ন্ত্রণ
৩. সদস্যের আর্থিক অংশগ্রহণ
৪. স্বায়ত্বশাসন ও স্বাধীনতা
৫. শিক্ষা, প্রশিক্ষণ ও তথ্য
৬. আন্তঃসমবায় সহযোগিতা
৭. সামাজিক অঙ্গীকার

সমবায়ের ভিত্তি হচ্ছে গণতন্ত্র, সাম্য ও সংহতি এবং এর লক্ষ্য হচ্ছে স্বাবলম্বিতা ও স্বনির্ভরতা। মূলত: কৃষিনির্ভর অর্থনীতিকে সমর্থন করার জন্য এদেশে সমবায়ের সূচনা হলেও বর্তমানে অর্থনীতির প্রায় সকল ক্ষেত্রে সমবায় তার কার্যক্রমকে বিস্তৃত করেছে।

সরকারী কর্মসূচী এবং জনস্বার্থের সাথে সংগতি রেখে সমবায় সমিতি গঠন, নির্বাচন, মূলধন সৃষ্টি, বৃত্তিমূলক দক্ষতা বৃদ্ধি, উদ্ভুদ্ধকরণ এবং বিভিন্ন ব্যবসায়িক কার্যক্রমে অনুপ্রেরণা সৃষ্টির মাধ্যমে সমবায় অধিদপ্তর দায়িত্ব পালন করে আসছে। উপজেলা সমবায় কার্যালয়, জেলা সমবায় কার্যালয়, বিভাগীয় সমবায় কার্যালয়, আঞ্চলিক সমবায় শিক্ষায়তন (৯টি), বাংলাদেশ সমবায় একাডেমী (কুমিল্লা) এবং সমবায় অধিদপ্তরে প্রায় ৪৮৫৪ জন কর্মকর্তা/কর্মচারী জাতীয়, কেন্দ্রীয় এবং প্রাথমিক সমবায় সমিতির সদস্যগণকে আইনগত সহায়তাসহ মাসব সম্পদ বৃদ্ধিতে প্রয়োজনীয় সহযোগিতা করে আসছে।

**আমাদের প্রত্যাশা:** গণতন্ত্রমনা দুর্নীতিমুক্ত, স্বচ্ছ, জবাবদিহিতামূলক নারীপুরুষ নির্বিশেষে সুশিক্ষিত ও সুদক্ষ জনশক্তি গড়ে তোলার মাধ্যমে সমবায় আন্দোলনকে বেগমান করা।

**আমাদের লক্ষ্য:** ধনী, দরিদ্র নির্বিশেষে স্বীয় চেষ্টায় উন্নয়নে প্রত্যয়ী জনগোষ্ঠীকে সমবায়ের মাধ্যমে সংগঠিত করে উদ্যোক্তা সৃষ্টি ও পূঁজি বিনিয়োগের মাধ্যমে স্বকর্মসংস্থান ও আত্মনির্ভরশীল করে দারিদ্র্য দূরীকরণ। শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে দেশে সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে সহযোগিতামূলক অংশগ্রহণ নিশ্চিত করা।

**আমাদের দায়িত্ব:**

১. ধনী দরিদ্র নির্বিশেষে গণতন্ত্রমনা জনগণকে সমবায় আদর্শে উদ্ভুদ্ধ করা এবং তাঁদের সমন্বয়ে সমবায় সমিতি গঠন, নিবন্ধন, তত্ত্বাবধায়ন ও আইনগতভাবে নিয়ন্ত্রণ করা।
২. নিবন্ধিত সমবায় সমিতির নিরীক্ষা, পরিদর্শন ও তদন্ত করা। সমবায় সমিতির বিভিন্ন অনিয়মের জন্য দোষী সদস্যদের দণ্ড প্রদান করা।
৩. সমবায় সমিতির বিভিন্ন ধরনের বিরোধ ও আপীল নিষ্পত্তি ও অকার্যকর সমিতির নিবন্ধন বাতিল করা।
৪. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সৃজনশীল ও পেশাগতভাবে দক্ষ করে গড়ে তোলা।
৫. সমবায় নেতৃত্ব ও সদস্যবৃন্দকে সমবায় সম্পর্কিত জ্ঞান, দক্ষতা বৃদ্ধির জন্য সমবায় ব্যবস্থাপনা উন্নয়ন, নেতৃত্বের বিকাশ, আত্ম কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য বিমোহন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান।
৬. সমবায় সমিতির উন্নয়নের লক্ষ্যে সমবায় সমিতির উপর জরিপ, গবেষণা ও কেস স্বাডি পরিচালনা করা এবং এর উপর প্রয়োজনীয় সুপারিশসহ সরকারের অনুমোদনক্রমে উন্নয়ন পরিমূল্য প্রণয়ন ও বাস্তবায়ন করা।
৭. সরকার কর্তৃক বাস্তবায়িত আশ্রয়ণ/আবাসন, এলজিইডি, পানি উন্নয়ন বোর্ড ও সরকারী অন্যান্য প্রতিষ্ঠান গৃহীত কর্মসূচীর আওতায় সংগঠিত সমবায় সমিতি নিবন্ধন, তত্ত্বাবধান ও ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ।

৮. বৃক্ষরোপন, পরিবার পরিকল্পনা, গণশিক্ষা, জন স্বাস্থ্যরক্ষা ইত্যাদি সরকারী বিভিন্ন উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নে সহযোগিতা করা।

৯. সমবায় সঙ্গঠিত সকল প্রকার উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনা করা।

### **অভিযোগ নিষ্পত্তি**

ক) উপজেলা পর্যায়ে অভিযোগসমূহ উপজেলা সমবায় কর্মকর্তা বরাবরে দাখিল করতে হবে।

খ) জেলা পর্যায়ে অভিযোগসমূহ জেলা সমবায় কর্মকর্তা বরাবরে দাখিল করতে হবে।

গ) বিভাগীয় পর্যায়ে অভিযোগসমূহ বিভাগীয় সমবায় কর্মকর্তা বরাবরে দাখিল করতে হবে।

ঘ) সমবায় অধিদপ্তরের কোন অভিযোগ থাকলে তা নিবন্ধক বরাবরে দাখিল করতে হবে।